

কোথায় আবেদন করবেন? (Where to Apply for Birth Registration?)

ইউনিয়ন পরিষদ কার্যালয়
পৌরসভা
সিটি করপোরেশন অফিস
সিটি করপোরেশনের আওতাধীন ওয়ার্ড কমিশনারের অফিস

জন্ম নিবন্ধন সনদের জন্য যে সকল কাগজপত্র প্রদান করতে হয় (Necessary Papers for Birth Registration Certificate): যদি কোনো হাসপাতাল বা ক্লিনিকে জন্মগ্রহণ করে থাকে তবে সেখানকার সার্টিফিকেট/ছাড়পত্র। এসএসসি সনদ এর ফটোকপি/পাসপোর্টের ফটোকপি/আইডি কার্ডের ফটোকপি এবং এলাকার জনপ্রতিনিধি যেমন-ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ এর ফটোকপি।

জন্ম নিবন্ধন সনদ সংগ্রহ (How to get Birth Certificate): জন্ম নিবন্ধন আবেদনপত্র জমা দেওয়ার সময় সনদ প্রদানের সম্ভাব্য একটি তারিখ একটি কুপনে লিখে দেওয়া হয়। পরবর্তীতে কুপন প্রদান করে জন্ম নিবন্ধন সনদ সংগ্রহ করতে হয়। জন্ম নিবন্ধন সনদ একটি শক্ত কাগজ (আর্ট পেপার) যেটার উপরে আপনার নাম, ঠিকানা, জন্ম তারিখ, জন্মস্থান, পিতা-মাতার নাম সহ যাবতীয় তথ্য ছাপানো আছে। নিচে সংশ্লিষ্ট অফিসারদের স্বাক্ষর থাকে।

অনলাইনে জন্ম নিবন্ধন প্রক্রিয়া (Online Registration for Birth Certificate): অনলাইনে জন্ম নিবন্ধনের জন্য এই লিংকে ক্লিক করুন

(http://bris.lgd.gov.bd/pub/?pg=application_form)। বিভিন্ন ধাপে এই নিবন্ধন প্রক্রিয়াটি সম্পন্ন হয়। প্রথমে নিবন্ধনকারীর জন্ম স্থান বা স্থায়ী ঠিকানার বিভাগ, জেলা, প্রভৃতি ধাপ পার হয়ে ওয়ার্ড পর্যন্ত নির্বাচন করতে হয়। অনলাইন জন্ম নিবন্ধনের আবেদন ফরম প্রথমে বাংলায় ও পরবর্তীতে ইংরেজিতে পূরণের পর প্রয়োজনীয় সম্পাদনা করে সংরক্ষণ বাটনে ক্লিক করুন। সংরক্ষণ বাটনে ক্লিক করলেই আবেদন পত্রটি সংশ্লিষ্ট নিবন্ধক কার্যালয়ে স্থানান্তরিত হয়ে যায়, আবেদনকারীর আর কোনো সংশোধনের সুযোগ থাকে না। অতঃপর পরবর্তী ধাপে প্রিন্ট বাটনে ক্লিক করলে আবেদন পত্রের মুদ্রিত কপি পাবেন। সনদের জন্য ১৫ দিনের মধ্যে উক্ত আবেদনপত্রে নির্দেশিত প্রত্যয়ন সংগ্রহ করে প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় প্রমাণপত্রের সত্যায়িত কপিসহ নিবন্ধক অফিসে যোগাযোগ করুন।



Sr. Asha Gomes
07/11/2021
SR.VIRGINIA ASHA GOMES, RNDM
Sr. Asha Gomes
PRINCIPAL